

বাউবি/প্রসা(সাধা)/প্রোগ্রাম-৭৩(৪)/২০০০/পার্ট-০১/৪৭০

তারিখ : ১০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

একই তারিখ ও স্মারকের ছলাভিষিক্ত

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)  
শিক্ষা ভবন, ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণ : জনাব কাওছার আহমেদ, সহকারী পরিচালক (মাধ্যমিক), মাউশি, ঢাকা।

বিষয় : বি.এজি.এড সনদের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।  
সূত্র : স্মারক নং: ৪জি-৩৩৭১-ম/১০/১৫৯৩, তারিখ : ২৭-১২-২০২১।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মহান জাতীয় সংসদের ১৯৯২ সালের ৩৮নং আইন দ্বারা প্রতিষ্ঠিত। উক্ত আইনে প্রদত্ত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল বিভিন্ন প্রোগ্রামের একাডেমিক রেগুলেশন প্রণয়ন, ডিগ্রী, ডিপ্লোমা ও সার্টিফিকেট প্রদান করে। সে আলোকে একাডেমিক কাউন্সিল ও বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব গভর্নরস কর্তৃক সংশ্লিষ্ট প্রোগ্রামের জন্য অনুমোদিত রেগুলেশন অনুযায়ী বাউবির কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল কর্তৃক পরিচালিত ৩(তিন) বছর মেয়াদি ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বি.এজি.এড) প্রোগ্রামটি কৃষি শিক্ষায় স্নাতক ও বি.এড সমমান।

এমতাবস্থায়, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন হাজী ইয়াছিন উল্লাহ বেতসান্দি দ্বি-পাক্ষিক উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ রইছ আলীর অর্জিত বি.এজি.এড সনদটি স্নাতক ও বি.এড দুটোর সমতুল্য।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

ড. মহাঃ শফিকুল আলম  
রেজিস্ট্রার

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
৩. ডিন, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল, বাউবি।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা) দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সহকারী পরিচালক, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি।
৮. সংশ্লিষ্ট নথি।